



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন অধিশাখা-৪
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

মহাপরিচালকের কার্যালয়	
মহাপরিচালক	
সচিব (প্রশাসন)	
সচিব (অপারেশনস)	
সচিব (নিয়ন্ত্রণ)	
সচিব (স্বাস্থ্য)	
সচিব (অন্যান্য)	

তারিখঃ ২০/০৯/২০১২খ্রি.

নং-৪৪.০০.০০০০.০২২.০২.০১.২০১২-৪৯৯

বিষয় : মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের বদলী ও পদায়ন সংক্রান্ত নীতিমালা প্রণয়ন সম্পর্কে।

সূত্র : মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের স্মারক নং-৪৪.০৪.০০০০.০০৬.০০.০০১.৯০-২৩৮৭, তারিখঃ ২৬/০৭/২০১২

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রে প্রেরিত প্রস্তাবের প্রেক্ষিতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কার্যক্রম আরও সুষ্ঠুভাবে পরিচালনা, সরকারী কাজে গতিশীলতা ও স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে কর্মকর্তা/কর্মচারীদের বদলি/পদায়নে নিম্নোক্তভাবে নীতিমালা এ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে।

১. সুনির্দিষ্ট কোন অভিযোগ না থাকলে সাধারণভাবে ০৩(তিন) বছরের পূর্বে কাউকে বদলী করা হবে না। তবে পার্বত্য অঞ্চল ও দুর্গম অঞ্চলে কর্মকাল হবে ০২ (দুই) বছর;
২. মেয়াদপূর্তির পর কোন কর্মচারীকে অব্যবহিত পূর্বের কর্মস্থলে বদলী/পদায়ন করা যাবে না এবং কোন কর্মচারীকে একই উপ-অঞ্চলের অন্য সার্কেলে বদলী/পদায়ন করা যাবে না;
৩. উপ-পরিদর্শক এবং তদুর্ধ্ব কর্মকর্তা/কর্মচারীগণকে নিজ জেলায় বদলী/পদায়ন করা যাবে না এবং সহকারী উপ-পরিদর্শক ও তদনিম্ন কর্মচারীকে নিজ উপজেলার সার্কেলে বদলী/পদায়ন করা যাবে না;
৪. গুরুত্বপূর্ণ পদে বদলী ও পদায়নের ক্ষেত্রে জ্যেষ্ঠতা, সততা, সুনাম, দক্ষতা এবং নিষ্ঠা বিবেচনা করা হবে;
৫. ডিষ্টিলারী ও পণ্যাগারে কর্মকাল সর্বোচ্চ সময়সীমা হবে ০২ (দুই) বছর। উল্লেখ্য, উক্ত ক্ষেত্রে পদায়নে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর সততার সুখ্যাতি বিবেচনা করা হবে।
৬. প্রশাসনিক প্রয়োজনে অতিরিক্ত পরিচালকগণ স্ব স্ব অধিক্ষেত্রের মধ্যে (মেট্রো উপ-অঞ্চল ব্যতীত) এনফোর্সমেন্ট শাখার সিপাই ও ৪র্থ শ্রেণীর কর্মচারীগণকে সাধারণ নীতিমালা অনুসরণে বদলী/পদায়ন করতে পারবেন।
৭. মহাপরিচালক বরাবরে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন প্রেরণ ব্যতিরেকে বদলীর জন্য সকল ধরনের তদবীর অসদাচরণ হিসেবে গণ্য হবে। প্রশাসনিক কারণে যে কোন বদলী বা মেট্রো উপ-অঞ্চলে সকল বদলীর প্রস্তাব অধিদপ্তরে প্রেরণ করতে হবে এবং অতিরিক্ত মহাপরিচালকের নেতৃত্বে প্রথম চারজন সিনিয়র কর্মকর্তাদের নিয়ে গঠিত কমিটি বদলীযোগ্য কর্মকর্তাদের তালিকা প্রণয়ন করে মহাপরিচালকের নিকট পেশ করবেন।
৮. অধিদপ্তরের গুরুত্বপূর্ণ পদসমূহের তালিকা স্ব-স্ব পরিচালকগণ নির্ধারণ করবেন এবং প্রশাসন শাখায় অত্র নীতিমালা জারীর অনধিক ৩০(ত্রিশ) কার্যদিবসের মধ্যে দাখিল করবেন।

অনুমোদিত নীতিমালা যথাযথভাবে অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

(মোঃ বেলায়েত হোসেন তালুকদার)
উপ-সচিব

ফোনঃ ৭১৬৯০৮৩

মহাপরিচালক
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
৪৪১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৭